

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

নৌ-পরিবহন অধিদপ্তর

চীফ নটিক্যাল সার্ভেয়ার এর অধিশাখা



## কোষ্টাল ভেসেল ও ফিশিং ভেসেল সমূহে নাবিক স্বল্পতার কারনে ন্যূনতম নাবিক সংখ্যা সনদ (Minimum Safe Manning Document- MSMD) ব্যবস্থাপনা সংক্রান্ত।

সভাপতি	কমডোর আবু জাফর মোঃ জালাল উদ্দিন. (সি).পিসিজিএম. এনডিসি. পিএসসি. বিএন মহাপরিচালক
সভার তারিখ	২৬ এপ্রিল ২০২২খ্রিঃ
সভার সময়	১০:৩০ ঘটিকা
স্থান	নৌপরিবহন অধিদপ্তরের সভাকক্ষ, ঢাকা
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলের সাথে কুশল বিনিময় করে সভার কার্যক্রম শুরু করেন।

নৌপরিবহন অধিদপ্তরের নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার ক্যাপ্টেন সাঈদ আহমেদ এই মিটিংয়ের পটভূমি বর্ণনা করতে গিয়ে নৌ ও বাণিজ্য দপ্তর এবং অংশীজনদের প্রাপ্ত পত্রের বিষয় বস্তু উল্লেখ করেন।

সভাপতি মহোদয় প্রিন্সিপাল অফিসার, নৌ-বাণিজ্য দপ্তর এর কাছে বর্তমানে বাংলাদেশের সমুদ্রগামী ফিশিং ভেসেল এর সংখ্যা ও কার্যক্রম জানতে চান। এর উত্তরে নৌ-বাণিজ্য দপ্তরের প্রিন্সিপাল অফিসার জানান যে, বর্তমানে ২৬৪টি ফিশিং ট্রলার রয়েছে। যার মধ্যে ২৩২টি সক্রিয় (২০০টি স্টীল বডি ও ৩২টি কাঠের বডি) রয়েছে। তিনি আরও উল্লেখ করেন এই সব জাহাজের Minimum Safe Manning Document নাই।

অত্র অধিদপ্তরের নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার ক্যাপ্টেন আবু সাঈদ মোহাম্মদ দেলোয়ার রহমান বলেন, ৭৫ মিটারের অধিক জাহাজের Minimum Safe Manning Document লাগবে। বাংলাদেশ ফিশিং ভেসেল এন্ড ডেক অফিসার সার্টিফিকেশন রুলস ২০০৩ এবং বাংলাদেশ ফিশিং ভেসেল (ইঞ্জিনিয়ার অফিসার) সার্টিফিকেট রুলস ১৯৯২ অনুযায়ী ও ইতিপূর্বে প্রকাশিত দুটি সার্কুলার দ্বারা Minimum Safe Manning Document প্রদান করা যেতে পারে। তিনি আরও উল্লেখ করেন MSO এর অধিনে জাহাজ সমূহে Minimum Safe Manning Document প্রনয়নের জন্য একটি কমিটি গঠন করা হয়। যেহেতু বর্তমানে মেরিন ফিসারিজ হতে পাসকৃত ক্যাডেটগন সমুদ্রগামী বাণিজ্যিক জাহাজে চলে যায় এবং ফিশিং জাহাজের নাবিকদের কোন প্রশিক্ষনের ব্যবস্থা নেই। তাই প্রাইভেট একাডেমি / ইনিস্টিটিউটে নাবিকদের প্রশিক্ষণ জরুরী ভিত্তিতে শুরুর উপর গুরুত্ব আরোপ করেন।

প্রিন্সিপাল অফিসার মহোদয় নাবিকের এই ঘাটতি পূরন অবধি ডিসপেনসেশন কার্যক্রম চালু রাখার বিষয়ে মতামত দেন। সাথে সাথে তিনি ডিসপেনসেশন প্রার্থীকে একই ধরনের জাহাজে ৫ বছরের আবশ্যিক অভিজ্ঞতার প্রয়োজনীয়তা উল্লেখ করেন। একই ভাবে কোষ্টাল ভেসেলে ডিসপেনসেশনের জন্য একই অভিজ্ঞতার প্রয়োজনীয়তা ব্যক্ত করেন।


সভায় বিভিন্ন সময়ে জারীকৃত ভুল Minimum Safe Manning Document সমূহ বাতিল করার ব্যাপারে মতামত পোষন করা হয়।

**সিদ্ধান্ত সমূহঃ**

- ১) প্রাইভেট একাডেমি / ইনিস্টিটিউটে ভিশিং ভেসেলের নাবিক এবং ক্যাডেটদের প্রশিক্ষণ কার্যক্রম জরুরী ভিত্তিতে শুরু করা।
- ২) ফিশিং ভেসেল এবং কোষ্টাল ভেসেলে ডিসপেনসেশন কার্যক্রম চালু রাখা এবং এর জন্য একই বিষয়ে জাহাজের ২ বছরের অভিজ্ঞতা আবশ্যিক করন।
- ৩) MSO এর অধিনে জাহাজ সমূহের Minimum Safe Manning Document প্রনয়নের লক্ষ্যে ইতিপূর্বে গঠিত কমিটিকে সংশোধন পূর্বক পুনরুজ্জীবিত করন।
- ৪) ত্রুটিপূর্ণ Minimum Safe Manning Document সমূহ মার্কেন্টাইল মেরিন অফিস নৌপরিবহন অধিদপ্তরকে প্রেরন করবে। যা পরিষ্কা পূর্বক নৌপরিবহন অধিদপ্তর বাতিল করবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন ও সুস্বাস্থ্য কামনা করে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

**সংলগ্নীঃ** ০১ পাতা উপস্থিত সিট।



কমডোর আবু জাফর মোঃ জালাল উদ্দিন.  
(সি).পিসিজিএম. এনডিসি. পিএসসি. বিএন  
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৮.১৭.০০০০.০০৩.৯৯.০০২.১৯.১৩৬

তারিখ: ২৭ বৈশাখ ১৪২৯

১০ মে ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) প্রধান অফিসার, নৌ বানিজ্য দপ্তর, সি.জি.এ ভবন, আগ্রাবাদ, চট্টগ্রাম
- ২) নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার, পরীক্ষা শাখা(নটিক্যাল), নৌপরিবহন অধিদপ্তর
- ৩) নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার, পরীক্ষা শাখা(নটিক্যাল), নৌপরিবহন অধিদপ্তর
- ৪) নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার, পরীক্ষা শাখা(নটিক্যাল), নৌপরিবহন অধিদপ্তর
- ৫) ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এন্ড এক্সামিনার, পরীক্ষা শাখা(ইঞ্জিনিয়ারিং), নৌপরিবহন অধিদপ্তর
- ৬) ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এন্ড এক্সামিনার, পরীক্ষা শাখা(ইঞ্জিনিয়ারিং), নৌপরিবহন অধিদপ্তর
- ৭) ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এন্ড এক্সামিনার, পরীক্ষা শাখা(ইঞ্জিনিয়ারিং), নৌপরিবহন অধিদপ্তর
- ৮) মহাপরিচালক এর একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, নৌপরিবহন অধিদপ্তর



জনাব মোঃ মঞ্জুরুল কবীর  
চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার (ভারপ্রাপ্ত)